

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
 অর্থ মন্ত্রণালয়  
 অভ্যন্তরীণ সম্পদ বিভাগ  
 (কাস্টমস ও মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ, ২১ জ্যৈষ্ঠ, ১৪২২ বঙ্গাব্দ/৪ জুন, ২০১৫ খ্রিস্টাব্দ।

এস, আর, ও নং ১৪৩-আইন/২০১৫/২৩/কাস্টমস।— মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এবং Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 19 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, এই বিভাগের ৫ আফাচ, ১৪১৫ বঙ্গাব্দ মোতাবেক ১৯ জুন, ২০০৮ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ১৫৮-আইন/২০০৮/২১৮৯/শুল্ক এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের-

- (ক) প্রস্তাবনায় উল্লিখিত “৩%” সংখ্যা ও চিহ্নের পরিবর্তে “৫% (পাঁচ শতাংশ)” সংখ্যা, চিহ্ন, শব্দগুলি ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে;
- (খ) শর্ত (১) এ উল্লিখিত “International Internet Gateway (IIG)” শব্দগুলি ও বন্ধনীর পর “অথবা Nationwide Telecommunication Transmission Network (NTTN)” শব্দগুলি এবং বন্ধনী সংযোজিত হইবে;
- (গ) TABLE এর কলাম (1) এর Heading No. 85.44 এবং উহার বিপরীতে কলাম (2) ও (3) তে উল্লিখিত এন্ট্রিসমূহ বিলুপ্ত হইবে;
- (ঘ) পরিশিষ্ট-১ এ উল্লিখিত “International Internet Gateway (IIG)” এর পর “/Nationwide Telecommunication Transmission Network (NTTN)” চিহ্ন, শব্দগুলি এবং বন্ধনী সংযোজিত হইবে; এবং

- (ঙ) পরিশিষ্ট-৩ এ উল্লিখিত “International Internet Gateway (IIG)” এর পর “/Nationwide Telecommunication Transmission Network (NTTN)” চিহ্ন, শব্দগুলি এবং বন্ধনী সংযোজিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

(মোঃ নজিবুর রহমান)

সচিব।